Biddabari
your success benchmark

BCS

প্রিলিমিনারি

লেকচার শিট

ভূগোল পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা

Biddabari
your success benchmark

পিএসসি কর্তৃক নির্ধারিত বিসিএস প্রিলিমিনারি Syllabus

বিষয়: ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা

পূর্ণমান: ১০

০১. বাংলাদেশ ও অঞ্চলভিত্তিক ভৌগোলিক অবস্থান, সীমানা, পারিবেশিক, আর্থ-সামাজিক ও ভূ-রাজনৈতিক গুরুত্ব । ০২

০২. অঞ্চলভিত্তিক ভৌত পরিবেশ (ভূ-প্রাকৃতিক), সম্পদের বণ্টন ও গুরুত্ব । ০২

০৩. বাংলাদেশের পরিবেশ: প্রকৃতি ও সম্পদ, প্রধান চ্যালেঞ্জসমূহ। ০২

০৪. বাংলাদেশ ও বৈশ্বিক পরিবেশ পরিবর্তন: আবহাওয়া ও জলবায়ুর নিয়ামকসমূহের সেক্টরভিত্তিক
(যেমন- অভিবাসন, কৃষি, শিল্প, মৎস্য) স্থানীয়, আঞ্চলিক ও বৈশ্বিক প্রভাব। ০২

০৫. প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা: দুর্যোগের ধরন, প্রকৃতি ও ব্যবস্থাপনা। ০২

সূচিপত্র

লেকচার নং	টপিকস	পৃষ্ঠা নং
লেকচার- ০১	বাংলাদেশ ও অঞ্চলভিত্তিক ভৌগোলিক অবস্থান, সীমানা, পারিবেশিক, আর্থ-সামাজিক ও ভূ-রাজনৈতিক গুরুত্ব ।	৪-২৬
লেকচার- ০২	অঞ্চলভিত্তিক ভৌত পরিবেশ (ভূ-প্রাকৃতিক), সম্পদের বণ্টন ও গুরুত্ব ।	২৭-৮০
	বাংলাদেশের পরিবেশ: প্রকৃতি ও সম্পদ, প্রধান চ্যালেঞ্জসমূহ।	
লেকচার- ০৩	বাংলাদেশ ও বৈশ্বিক পরিবেশ পরিবর্তন: আবহাওয়া ও জলবায়ুর নিয়ামকসমূহের সেক্টরভিত্তিক (যেমন- অভিবাসন, কৃষি, শিল্প, মৎস্য) স্থানীয়, আঞ্চলিক ও বৈশ্বিক প্রভাব।	৮১-১০২
লেকচার- ০৪	প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা: দুর্যোগের ধরন, প্রকৃতি ও ব্যবস্থাপনা।	১-৩-১১৬

BCS প্রিলি. লেকচার শিট ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা

লেকচার ০১

Lecture Contents

- ভূগোলের ধারণা
- অক্ষরেখা, দ্রাঘিমারেখা ও গুরুত্বপূর্ণ রেখাসমূহ।
- বাংলাদেশ ও অঞ্চলভিত্তিক ভৌগোলিক অবস্থান, সীমানা, পারিবেশিক, আর্থ-সামাজিক ও ভূ-রাজনৈতিক গুরুত্ব।

সিলেবাস আলোচনা

শিক্ষক PSC'র পূর্ণাঙ্গ সিলেবাস বিশ্লেষণ আকারে আলোচনা করবেন।

ভূগোলের ধারণা

ভূগোল : ভূগোল শব্দের ইংরেজি প্রতিশব্দ Geography. Geo-অর্থ পৃথিবী এবং Graphy অর্থ বর্ণনা। অর্থাৎ মানুষের আবাসভূমি হিসেবে পৃথিবীর বর্ণনাকে ভূগোল বলে। প্রাচীন গ্রীক ভূগোলবিদ ইরাটোস্থিনিস সর্বপ্রথম Geography শব্দটি ব্যবহার করেন। তাই তাকে ভূগোলের আদি জনক বলা হয়। আধুনিক ভূগোলের জনক কার্ল রিটার। ভূগোলের গ্রীক শব্দ হলো Geographia।

স্ট্রাবো- ভূগোল বিষয়ক প্রথম বিশ্বকোষীয় গ্রন্থ "The Geographia রচনা করেন।"
টলেমি- একজন বিখ্যাত জ্যোতির্বিদ।
ভাস্করাচার্য- প্রাচীন ভারতীয় উপমহাদেশের অন্যতম শ্রেষ্ঠ জ্যোতির্বিদ। যিনি নির্ভুলভাবে পৃথিবীর ব্যাস নির্ণয় করেন। পৃথিবীর গড় ব্যাস ১২,৮০০ কিলোমিটার।
হিপার্কাস- জ্যোতির্বিজ্ঞানের জনক (Astronomy)
অ্যারিস্টার্কাস- সর্বপ্রথম বলেন "পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে।" কিন্তু তিনি প্রমাণ দিতে পারেন নি।
কোপার্নিকাস- বলেন "সূর্য সৌরজগতের কেন্দ্র এবং পৃথিবী সূর্যের চারদিকে ঘুরছে" এবং তিনি এটা প্রমাণ করে দেন।

১. গ্রীসের ভূগোলবিদ ইরাটোস্থিনিস প্রথম ইংরেজি 'Geography' শব্দটি ব্যবহার করেন।
২. Geography = Geo (ভূ বা পৃথিবী) + Graphy (বর্ণনা) অর্থাৎ Geography শব্দের অর্থ পৃথিবীর বর্ণনা।
৩. ১৯৬৫ সালে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসির বিজ্ঞান একাডেমির মতে, পৃথিবীপৃষ্ঠে প্রাকৃতিক পরিবেশের উপব্যবস্থাগুলো কিভাবে সংগঠিত এবং এসব প্রাকৃতিক বিষয় বা অবয়বের সঙ্গে মানুষ নিজেকে কিভাবে বিন্যস্ত করে তার ব্যাখ্যা খোঁজে ভূগোল।
৪. ভূগোল একদিকে পৃথিবীর বিজ্ঞান আবার অন্যদিকে পরিবেশ ও সমাজের বিজ্ঞান।
৫. ভূগোলকে পৃথিবীর বিজ্ঞান বলেছেন–অধ্যাপক কার্ল রিটার
৬. জীবসম্প্রদায়ের পারিপার্শ্বিক জৈব ও প্রাকৃতিক অবস্থাই পরিবেশ বলেছেন– পরিবেশ বিজ্ঞানী আর্মস।
৭. প্রকৃতির সকল উপাদান মিলে তৈরী হয়– পরিবেশ।

ভূগোলের পরিধি

১. নানান রকম বিষয় যেমন– ভূমিরূপবিদ্যা, আবহাওয়াবিদ্যা, সমুদ্রবিদ্যা, মৃত্তিকাবিদ্যা, প্রাণিবিদ্যা, সমাজবিদ্যা, অর্থনীতি ইত্যাদি ভৌগোলিক বিষয়।
২. বায়ুমন্ডলের দীর্ঘমেয়াদি, সাধারণত ৩০-৩৫ বছরের আবহাওয়ার ধরন ও পৃথিবীতে এর প্রভাব সম্পর্কে আলোচনা করা হয় জলবায়ুবিদ্যায়।
৩. সকল প্রকৃতি বিজ্ঞানের জননী বলা হয় – ভূগোলকে।

ভূগোলের শাখা : ভূগোলের শাখা দুইটি। যথা:
১. প্রাকৃতিক ভূগোল
২. মানব ভূগোল

প্রাকৃতিক ভূগোল	মানব ভূগোল
প্রাকৃতিক ভূগোল হলো প্রাকৃতিক উপাদানগুলোর স্থান ও কালের বিশ্লেষণ।	মানুষ ও স্থান সম্পর্কিত জ্ঞানই হলো মানব ভূগোল।
ভূমিরূপবিদ্যা, জলবায়ুবিদ্যা, সমুদ্র ভূগোল, মৃত্তিকা ভূগোল ইত্যাদি এর অন্তর্ভুক্ত।	সাংস্কৃতিক ভূগোল, অর্থনৈতিক ভূগোল ও সামাজিক ভূগোল এর অন্তর্ভুক্ত।

প্রাকৃতিক ভূগোল

কোন স্থানের বায়ুর তাপ, উষ্ণতা, চাপ, আর্দ্রতা, মেঘ, বৃষ্টি, বরফপাত, জলীয়বাষ্পের পরিমাণ, বায়ুপ্রবাহ প্রভৃতির দৈনন্দিন অবস্থাকে সে স্থানের আবহাওয়া বলে। অপরদিকে উক্ত স্থানের ৩০/৪০ বছরের আবহাওয়ার গড়কে জলবায়ু বলে। মেটিওরোলজি হলো আবহাওয়া সম্পর্কিত বিজ্ঞান। আবহাওয়া ও জলবায়ুর উপাদানগুলো হলো- বায়ুর তাপ, চাপ, জলীয়বাষ্পের পরিমাণ, বায়ুপ্রবাহ ও বারিপাত।

■ Big Bang Theory

বেলজিয়ামের একজন জ্যোতির্বিজ্ঞানী জি. ল্যামেটার ১৯২৭ সালে Big Bang Theory প্রদান করেন। তাঁর এই তত্ত্ব অনুসারে একটি অতি পরমাণুর মধ্যে প্রচন্ড বিস্ফোরণের ফলে এই মহাবিশ্ব সৃষ্টি হয়েছে। এই বিস্ফোরণকেই বলা হয় Big Bang। এর ফলে গ্রহ, নক্ষত্র, উপগ্রহ ও ধূমকেতুসহ সবকিছু সৃষ্টি হয়েছে। এই তত্ত্ব প্রকাশের দুই বছর পর এডউইন হাবল বলেন 'মহাবিশ্ব ক্রমশ সম্প্রসারিত হচ্ছে'। ১৯৯৮ সালে স্টিফেন হকিংস মহাবিশ্বের উদ্ভব ও নিয়তি সংক্রান্ত 'Open Inflation Theory বা মুক্ত স্ফীতি তত্ত্ব' প্রদান করেন। যেটির সাহায্যে তিনি Big Bang তত্ত্বের আধুনিক ব্যাখ্যা উপস্থাপন করেন। এ সংক্রান্ত তার বিখ্যাত গ্রন্থ 'A Brief History of Time' বা কালের সংক্ষিপ্ত ইতিহাস।

■ Time Zero / Zero Hour

মহাবিশ্ব সৃষ্টির পূর্ব মূহুর্তকে বলা হয় টাইম জিরো বা জিরো আওয়ার অর্থাৎ Big Bang-এর পূর্ব মূহুর্ত টাইম জিরো।

00:00:00
hour minutes seconds

■ মহাজাগতিক রশ্মি (Cosmic Ray)

পৃথিবীর বাইরে থেকে পৃথিবীর বায়ুমণ্ডলে উচ্চশক্তি সম্পন্ন যে আহিত কণা সমূহ আপতিত হয়, তাদের সমষ্টিগতভাবে মহাজাগতিক রশ্মি বলা হয়। বিজ্ঞানী ভেক্টর হেস মহাজাগতিক রশ্মি আবিষ্কার করে ১৯৩৬ সালে পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেন।

■ মহাবিশ্ব

এই পৃথিবীর একটি ক্ষুদ্র ধূলিকণা বা জলীয় বাষ্প থেকে শুরু করে পুরো পৃথিবী, চন্দ্র, সূর্য, নক্ষত্র, ধূমকেতু, উল্কা, মহাকাশ ইত্যাদি সবকিছুকে একত্রে বলা হয় মহাবিশ্ব। অর্থাৎ মানুষ আজ পর্যন্ত যা আবিষ্কার করতে পেরেছে এবং যা পারেনি তার সবকিছু নিয়েই এই মহাবিশ্ব। মহাবিশ্ব সৃষ্টি সংক্রান্ত বিজ্ঞানকে বলা হয় Cosmology বা বিশ্বসৃষ্টিতত্ত্ব।

■ নক্ষত্র (Stars)

যে সব জ্যোতিষ্কের নিজের আলো ও তাপ আছে তাদেরকে নক্ষত্র বলে। রাতের আকাশে অনেক আলোক বিন্দু মিট মিট করে জ্বলতে দেখা যায়, এগুলো নক্ষত্র।

- ⇨ পৃথিবীর নিকটতম নক্ষত্র সূর্য। সূর্যের নিকটতম নক্ষত্র- প্রক্সিমা সেন্টারাই।
- ⇨ সূর্য ছাড়া পৃথিবীর নিকটতম নক্ষত্র- প্রক্সিমা সেন্টরাই। পৃথিবী থেকে প্রক্সিমা সেন্টারাই নক্ষত্রের দূরত্ব প্রায় ৪.২ আলোকবর্ষ।
- ⇨ আকাশের উজ্জ্বলতম নক্ষত্র- লুব্ধক।
- ⇨ সবচেয়ে বৃহত্তম নক্ষত্র- ভি ডাব্লিউ ক্যানিস ম্যাজোরিস।

■ আলোকবর্ষ: (Light Year)

আলো প্রতি সেকেন্ডে ৩ লক্ষ কিলোমিটার (১ লক্ষ ৮৬ হাজার মাইল) বেগে ১ বছরে যে দূরত্ব অতিক্রম করে তাকে ১ আলোকবর্ষ বলে। একে ৩×১০^{৮} m/s এভাবে প্রকাশ করা হয়। কিছু কিছু নক্ষত্র আমাদের পৃথিবী থেকে এত দূরে যে, এসব নক্ষত্র থেকে আলো আসতে কয়েক বছর সময় লেগে যায়। এদের দূরত্বকে আলোকবর্ষ দ্বারা প্রকাশ হয়। দূরত্ব পরিমাপের সবচেয়ে বড় একক আলোকবর্ষ। [১ বছরের আলোকবর্ষ = ৯.৪৬×১০^{১২} কি.মি.]

■ ধূমকেতু: (Comet)

ধূমকেতু দেখতে অনেকটা ঝাড়ুর মত। এর মাথা ও লেজ থাকে। ধূলো, বরফ ও গ্যাসের তৈরি একধরণের মহাজাগতিক বস্তু এই ধূমকেতু। সৌরজগতের মধ্যে ধূমকেতুর বসবাস হলেও কিছু দিনের জন্য উদয় হয়ে তা আবার অদৃশ্য হয়ে যায়।

- ⇨ জ্যোতির্বিজ্ঞানী এডমন্ড হ্যালি যে ধূমকেতু আবিষ্কার করেন তা হ্যালির ধূমকেতু নামে পরিচিত। প্রতি ৭৬ বছর পরপর এটি পৃথিবী থেকে দেখা যায়। প্রথম দেখা যায় ১৭৬৯ সালে এবং সর্বশেষ দেখা যায় ১৯৮৬ সালে। এটি আবার দেখা যাবে ২০৬২ সালে।
- ⇨ শুমেকার লেভী-৯ একটি ধূমকেতু যা ১৯৯৪ সালে বৃহস্পতি গ্রহে আঘাত হানে।

■ ছায়াপথ/Galaxy

মহাকাশে গ্রহ, নক্ষত্র, ধূলিকণা, ধূমকেতু ও বাষ্পকুণ্ডের এক বিশাল সমাবেশকে ছায়াপথ / Galaxy বলে। আমাদের সৌরজগতের পার্শ্ববর্তী ছায়াপথের নাম Milkway বা আকাশ গঙ্গা।

■ সৌরজগৎ (Solar System)

সৌরজগৎ বলতে সূর্য এবং এর সাথে মহাকর্ষীয়ভাবে আবদ্ধ সকল মহাজাগতিক বস্তুকে বোঝায়। মহাকাশে গ্রহ, নক্ষত্র, ধূমকেতু, গ্রহানুপুঞ্জ প্রভৃতি মহাকর্ষ শক্তির দ্বারা আকৃষ্ট হয়ে নির্দিষ্ট সময়ে সূর্যের চারদিকে পরিভ্রমণের মাধ্যমে যে বিরাট জগৎ গড়ে তুলেছে তাকে সৌরজগৎ বলে। ৮টি গ্রহ এবং ৬৫৭টি বিভিন্ন উপগ্রহ নিয়ে এই সৌরজগৎ গঠিত।

■ সূর্য (Sun)

সূর্য সৌরজগতের কেন্দ্রে অবস্থিত একটি উত্তপ্ত নক্ষত্র। এটি হাইড্রোজেন ও হিলিয়াম দ্বারা গঠিত। সূর্যে ফিউশন (Fusion) বিক্রিয়ার মাধ্যমে শক্তি উৎপাদিত হয়। সূর্যের কেন্দ্রের উত্তাপ প্রায় ১৫ কোটি ডিগ্রী সেলসিয়াস এবং পৃষ্ঠের উত্তাপ প্রায় ৬০০০° সেলসিয়াস। পৃথিবীতে আগত শক্তির ৯৯.৯৭ ভাগ আসে সূর্য থেকে। সূর্য পৃথিবী থেকে ১৩ লক্ষ গুণ বড়। সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮ মিনিট ১৯ সেকেন্ড বা ৮.৩২ মিনিট।

■ সৌরজগতের গ্রহসমূহ



■ বুধ (Mercury)

বুধ সৌরজগতের প্রথম, ক্ষুদ্রতম এবং সূর্যের নিকটতম গ্রহ। সূর্য থেকে এর গড় দূরত্ব ৫.৮ কোটি কিলোমিটার। সূর্যকে একবার প্রদক্ষিণ করতে বুধের সময় লাগে ৮৮ দিন। এটির কোনো উপগ্রহ নেই। রোমান বাণিজ্য দেবতার নামানুসারে এ গ্রহের নামকরণ করা হয়েছে। এর ব্যাস ৪,৮৫০ কিলোমিটার।

■ শুক্র (Venus)

শুক্র সৌরজগতের দ্বিতীয় এবং পৃথিবীর নিকটতম গ্রহ। একে পৃথিবীর জমজ গ্রহ বা বোন গ্রহ বলা হয়। সূর্য থেকে শুক্রের গড় দূরত্ব ১০.৮ কোটি কিলোমিটার। সূর্যকে একবার প্রদক্ষিণ করতে শুক্রের সময় লাগে ২২৫ দিন। একে লুসিফার বা শয়তান নামেও ডাকা হয়। বাংলায় সকালের আকাশে একে শুকতারা এবং সন্ধ্যার আকাশে একে সন্ধ্যাতারা বলে ডাকা হয়। এটি সৌরজগতের সবচেয়ে উত্তপ্ত গ্রহ। এর কোনো উপগ্রহ নেই। রোমান ভালবাসা ও সৌন্দর্যের দেবী ভেনাসের নামানুসারে গ্রহটির নামকরণ করা হয়েছে।

■ পৃথিবী (Earth)

পৃথিবী দেখতে পুরোপুরি গোলাকার নয় বরং কমলালেবুর মত উপর ও নিচের দিকে কিছুটা চাপা এবং মধ্যভাগ স্ফীত। এটি সৌরজগতের তৃতীয় এবং পঞ্চম বৃহত্তম গ্রহ। একে নীলগ্রহ বলা হয়ে থাকে। পৃথিবীর গড় ব্যাস ১২৮০০ কিলোমিটার এবং গড় পরিধি ৪০ হাজার কিলোমিটার। পৃথিবীর ভর ৫.৯৮×১০^{২৪} কিলোগ্রাম। সূর্য থেকে পৃথিবীর গড় দূরত্ব ১৪ কোটি ৯৫ লক্ষ কিলোমিটার। নিজ অক্ষের উপর একবার আবর্তন করতে পৃথিবীর সময় লাগে ২৩ ঘন্টা ৫৬ মিনিট ৪১ সেকেন্ড এবং সূর্যকে একবার প্রদক্ষিণ করে আসতে সময় লাগে ৩৬৫ দিন ৫ ঘন্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড।

■ চাঁদ (Moon)

চাঁদ হলো পৃথিবীর একমাত্র উপগ্রহ। চাঁদ হতে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ১.৩ সেকেন্ড। পৃথিবী থেকে চাঁদের গড় দূরত্ব ৩,৮৪,৪০০ কিলোমিটার। পৃথিবীকে একবার প্রদক্ষিণ করতে চাঁদের সময় লাগে ২৯ দিন। চাঁদে কোনো বস্তুর ওজন পৃথিবীতে ঐ বস্তুর ওজনের ৬ ভাগের ১ ভাগ।

■ মঙ্গল (Mars)

সৌরজগতের চতুর্থ গ্রহ মঙ্গল। পৃথিবী থেকে একে লাল দেখা যায় তাই লাল গ্রহ বলা হয়। সূর্য থেকে মঙ্গলের গড় দূরত্ব ২২.৮ কোটি কিলোমিটার। সূর্যকে একবার প্রদক্ষিণ করতে মঙ্গলের সময় লাগে ৬৮৭ দিন। মঙ্গলের আকাশের রং গোলাপী এবং এখানে দুইবার সূর্য উদিত হয়। মঙ্গলের ব্যাস পৃথিবীর অর্ধেক। রোমান যুদ্ধ দেবতার নামানুসারে এর নামকরণ করা হয়েছে। মঙ্গলের উপগ্রহ দু'টি- ডিমোস ও ফেবোস।

■ বৃহস্পতি (Jupiter)

বৃহস্পতি সৌরজগতের পঞ্চম এবং বৃহত্তম গ্রহ। বৃহত্তম হওয়ায় একে গ্রহরাজ বলা হয়। রোমান দেবতাদের রাজা জুপিটারের নামানুসারে এর নামকরণ করা হয়। বৃহস্পতি পৃথিবীর চেয়ে ১৩০০ গুণ বড়। এর উপগ্রহ সংখ্যা ৯৬টি। সবচেয়ে বড় উপগ্রহটির নাম গ্যানিমেড এবং সবচেয়ে ছোট উপগ্রহটির নাম লেডা। সূর্যের চারদিকে একবার প্রদক্ষিণ করতে এর সময় লাগে ১২ বছর।

■ শনি (Saturn)

সৌরজগতের ষষ্ঠ এবং দ্বিতীয় বৃহত্তম গ্রহ। হিন্দু পৌরাণিক দেবতা শনির নামানুসারে এর নামকরণ করা হয়েছে। শনি গ্রহের চারদিকে বলয় আছে। এর উপগ্রহ সংখ্যা ১৪৫টি। শনির প্রধান উপগ্রহ টাইটান, হুয়া, ক্যাপিটাস, টেথ্রিস।

■ ইউরেনাস (Uranus)

সৌরজগতের সপ্তম এবং তৃতীয় বৃহত্তম গ্রহ। এ গ্রহকে সবুজ গ্রহ বলা হয়। এর উপগ্রহ সংখ্যা ২৭ টি। রোমান স্বর্গের দেবতার নামানুসারে ইউরেনাসের নামকরণ করা হয়েছে।

■ নেপচুন (Neptune)

নেপচুন সৌরজগতের অষ্টম গ্রহ। এর উপগ্রহ সংখ্যা ১৪টি। প্রধান দু'টি উপগ্রহ- ট্রাইটান ও নেরাইড। রোমান সমুদ্র দেবতা নেপচুনের নামানুসারে এই গ্রহের নামকরণ করা হয়েছে।

■ প্লুটো (Pluto)

প্লুটো বর্তমানে একটি ক্ষুদ্র বা বামন গ্রহ। ২৪ আগস্ট ২০০৬ সালে IAU প্লুটোর গ্রহের মর্যাদা কেড়ে নেয়। এই গ্রহে প্রচুর পরিমাণে মিথেন গ্যাস আছে।

■ IAU

IAU-এর পূর্ণরূপ International Astronomical Union, যা সৌরজগতের গ্রহের স্বীকৃতিদানকারী সংস্থা। এটি ১৯১৯ সালে প্রতিষ্ঠিত হয় এবং এর সদর দপ্তর প্রাগ, চেক প্রজাতন্ত্র।

■ উপগ্রহ (Satellite)

পৃথিবী বা অন্য কোনো গ্রহের চারদিকে ঘূর্ণায়মান কোনো জ্যোতিষ্ক বা বস্তুকে উপগ্রহ বলে। উপগ্রহ দুই ধরনের-

১. প্রাকৃতিক উপগ্রহ, যেমন- চাঁদ।
২. কৃত্রিম উপগ্রহ যেমন- স্পুটনিক- ১।

■ কৃত্রিম উপগ্রহের ব্যবহার:

১. আবহাওয়ার পূর্বাভাস দেয়ার কাজে ব্যবহৃত হয়।
২. তথ্য আদান প্রদান, স্যাটেলাইট চ্যানেল ইত্যাদি কাজে ব্যবহৃত হয়।
৩. বিমান ও সমুদ্রগামী জাহাজ ডিটেক্ট ও ন্যাভিগেট তথা পথ নির্দেশনা দিতে ব্যবহৃত হয়।
৪. পৃথিবীর পৃষ্ঠ নিরীক্ষণ করতে ও পৃষ্ঠের বিভিন্ন অংশের ছবি তুলতে ব্যবহৃত হয়।
৫. যুদ্ধক্ষেত্রে নিউক্লিয়ার মনিটরিং, রাডার ইমেজিং, শত্রুর গতিবিধি পর্যবেক্ষণ ইত্যাদি কাজে ব্যবহার করা হয়।

■ মহাকাশ অভিযান

তৎকালীন সোভিয়েত ইউনিয়নের হাত ধরে ১৯৫৭ সালের ৪ঠা অক্টোবর মহাকাশ যাত্রার প্রথম পদক্ষেপের সূচনা হয়েছিল স্পুটনিক-১ উৎক্ষেপনের মধ্য দিয়ে। একই বছর তারা স্পুটনিক- ২ মহাকাশে পাঠায় যার যাত্রী ছিল লাইকা নামের একটি কুকুর। ১৯৬১ সালের ১২ই এপ্রিলে সোভিয়েত ইউনিয়ন ভস্টক-১ নামে নভোযান পাঠায় যেখানে প্রথম মহাকাশচারী মানব হিসেবে ভ্রমণ করেন- সোভিয়েত ইউনিয়নের ইউরি গ্যাগারিন। প্রথম মার্কিন কৃত্রিম উপগ্রহের নাম এক্সপ্লোরার-১। পৃথিবীর প্রথম মহিলা আকাশচারী সোভিয়েত ইউনিয়নের ভ্যালেন্তিনা তেরেশকোভা। বিশ্বের প্রথম মুসলিম নভোচারী হলেন- সুলতান ইবনে আব্দুল আজিজ। বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে দুইবার মহাকাশ ভ্রমণ করেন- চার্লস সিমোনি যিনি একজন হাঙ্গেরিয়ান-আমেরিকান সফটওয়্যার আর্কিটেক্ট।

⇒ **ইনটেলসেট-১:** ১৯৬৫ সালে বাণিজ্যিক কাজের জন্য পাঠানো প্রথম যোগাযোগ উপগ্রহ। যার অন্য নাম Early Bird।

⇒ **এ্যাপোলো-১:** ১৯৬৯ সালের ২০ জুলাই এই চন্দ্রযানের মাধ্যমে মানুষ সর্বপ্রথম চাঁদে অবতরণ করেন। নীল আর্মস্টং চন্দ্রপৃষ্ঠে প্রথম পা রাখেন, এর ৮ মিনিট পর এডউইন অলড্রিন তাকে অনুসরণ করেন।

⇒ **মারস-২:** মঙ্গলগ্রহে অবতরণকারী প্রথম অনুসন্ধানী যান।

⇒ **গ্যালিলিও:** গ্যালিলিও বৃহস্পতির কক্ষপথে পাঠানো একটি কৃত্রিম উপগ্রহ।

■ আহ্নিক গতি (Rotation)

পৃথিবী তার নিজ অক্ষকে কেন্দ্র করে ১৬১০ কিলোমিটার/ঘণ্টায় ঘুরছে। পৃথিবীর তার নিজ অক্ষের চারদিকে এই নির্দিষ্ট গতিতে পশ্চিম থেকে পূর্ব দিকে আবর্তনকে আহ্নিক গতি বলে।

⇒ আহ্নিক গতির ফলাফল

১. দিন রাত্রির সৃষ্টি হয়।
২. বিভিন্ন স্থানে তাপমাত্রার তারতম্য হয়।
৩. বায়ু প্রবাহ ও সমুদ্র স্রোতের সৃষ্টি হয়।
৪. জোয়ার ভাটা হয়।
৫. সময় গণনা বা নির্ধারণ করা যায়।

■ বার্ষিক গতি (Revolution)

সূর্যের মহাকর্ষ বলের প্রভাবে পৃথিবী নিজ অক্ষের উপর অবিরাম ঘুরতে ঘুরতে সূর্যের চারদিকে আবর্তন করছে। পৃথিবীর এই গতিকে বার্ষিক গতি বলে। সূর্যের চারদিকে একবার ঘুরে আসতে পৃথিবীর ১ বছর সময় লাগে।

⇒ বার্ষিক গতির ফলাফল :

১. দিন-রাত্রির হ্রাস বৃদ্ধি হয়।
২. ঋতু পরিবর্তন হয়।

■ দিন রাত্রির হ্রাস বৃদ্ধি

পৃথিবী নিজ অক্ষের সাথে ৬৬.৫° কোণে হেলে সূর্যকে প্রদক্ষিণ করে। সূর্যের চারদিকে পৃথিবীর একটি পূর্ণ ঘূর্ণনে পৃথিবীর চারটি অবস্থান নির্দিষ্ট করা হয়েছে। অবস্থানগুলো হলো-

২১ শে মার্চ ও ২৩ শে সেপ্টেম্বর: এই দুইদিন সূর্য নিরক্ষরেখা বা বিষুবরেখার উপর লম্বভাবে কিরণ দেয়। ফলে উত্তর ও দক্ষিণ গোলার্ধ সমানভাবে সূর্যের আলো পায়। তাই এই দুইদিন পৃথিবীর দুই গোলার্ধে দিন রাত্রি সমান থাকে। এদেরকে বিষুব (Equinox) দিন বলা হয়। এই সময় ২১ শে মার্চ উত্তর গোলার্ধে বসন্তকাল থাকে। তাই একে বসন্ত বিষুব (Vernal Equinox) বলা হয়। ২৩ শে সেপ্টেম্বর উত্তর গোলার্ধে শরৎকাল থাকে। তাই একে শরৎ বিষুব (Autumnal Equinox) বলা হয়।



২১ শে জুন উত্তর গোলার্ধ সূর্যের দিকে সবচেয়ে বেশি হেলে থাকে। এ সময় সূর্য কর্কটক্রান্তি রেখার উপর লম্বভাবে আলো দেয়। তাই ২১ শে জুন উত্তর গোলার্ধে সবচেয়ে বড় দিন এবং ছোট রাত হয়।

২২ শে ডিসেম্বর দক্ষিণ গোলার্ধ সূর্যের দিকে সবচেয়ে বেশি হেলে থাকে। এ সময় সূর্য মকরক্রান্তি রেখার উপর লম্বভাবে আলো দেয়। তাই ২২ শে ডিসেম্বর দক্ষিণ গোলার্ধে সবচেয়ে বড় দিন এবং ছোট রাত হয়।

■ সূর্য গ্রহণ (Solar Eclipse)

যখন পৃথিবী, চন্দ্র ও সূর্য একই সরল রেখায় অবস্থান করে তখন সূর্যের আলো চাঁদের উপর এসে পড়ে এবং চাঁদের ছায়া পৃথিবীর উপর পড়ে। ফলে পৃথিবীর যে অংশে চাঁদের ছায়া পড়ে সেই অংশ থেকে কিছুক্ষণের জন্য আংশিক বা পরিপূর্ণ সূর্য দেখা যায় না। এ ঘটনাকে সূর্য গ্রহণ বলে। অমাবস্যায় সূর্য গ্রহণ হয়।

■ চন্দ্র গ্রহণ (Lunar Eclipse)

যখন চন্দ্র, পৃথিবী এবং সূর্য একই সরল রেখায় থাকে তখন সূর্যের আলো এসে পৃথিবীতে পড়ে এবং পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে। ফলে কিছুক্ষণের জন্য আংশিক বা পরিপূর্ণ চন্দ্র দেখা যায় না। এ ঘটনাকে চন্দ্র গ্রহণ বলে। পূর্ণিমায় চন্দ্র গ্রহণ হয়।

■ জোয়ার ভাটা (High Tide and Low Tide)

সমুদ্র এবং উপকূলবর্তী নদীর জলরাশি প্রতিদিনই নির্দিষ্ট সময়ে ফুলে উঠে এবং কিছুক্ষণ পড়ে তা ধীরে ধীরে নেমে যায়। জলরাশির এই নিয়মিত ফুলে উঠাকে জোয়ার এবং নেমে যাওয়াকে ভাটা বলে। জলরাশির একই স্থানে প্রতিদিন দুইবার জোয়ার হয় এবং দুইবার ভাটা হয়। দুটি জোয়ারের বা দুটি ভাটার মধ্যবর্তী সময়ের ব্যবধান ১২ ঘণ্টা ২৬ মিনিট এবং একটি জোয়ার ও একটি ভাটার মধ্যবর্তী সময়ের ব্যবধান ৬ ঘণ্টা ১৩ মিনিট। দুটি কারণে জোয়ার ভাটা হয়।

ক. চন্দ্র ও সূর্যের মহাকর্ষ শক্তির প্রভাব।
খ. পৃথিবীর আবর্তনের ফলে উৎপন্ন কেন্দ্রাতিগ শক্তি।

■ জোয়ারকে প্রধানত দুইভাগে ভাগ করা যায়:



ক. মুখ্য জোয়ার: পৃথিবীর উপর চন্দ্রের আকর্ষণ সূর্য অপেক্ষা প্রায় দ্বিগুণ। চন্দ্র পৃথিবীর চারদিকে আবর্তনকালে পৃথিবীর যে অংশ চন্দ্রের নিকটবর্তী হয় সেই অংশের জলরাশি চন্দ্রের দিকে ফুলে উঠে। এটাই হলো মুখ্য বা প্রত্যক্ষ জোয়ার।

খ. গৌণ জোয়ার: যেখানে মুখ্য জোয়ার হয় তার বিপরীত পার্শ্বে পৃথিবীর জলরাশির উপর মহাকর্ষ শক্তির প্রভাব কমে যায় এবং কেন্দ্রাতিগ শক্তির সৃষ্টি হয়। এতে চারদিক হতে ঐ স্থানে পানি এসে একটি হালকা জোয়ারের সৃষ্টি করে। এভাবে চন্দ্রের বিপরীত দিকে যে জোয়ারের সৃষ্টি হয় তাকে গৌণ বা পরোক্ষ জোয়ার বলে।

■ মুখ্য জোয়ারকে আবার দুইভাগে ভাগ করা যায়:

ক. ভরা কটাল বা তেজ কটাল : চন্দ্র ও সূর্য পৃথিবীর একই দিকে অবস্থান করলে উভয়ের মিলিত আকর্ষণে চন্দ্রের নিকটতম স্থানে পৃথিবীর জলরাশি বেশি পরিমাণে ফুলে উঠে। একে ভরা কটাল বা তেজ কটাল বলে। পূর্ণিমা ও অমাবস্যা তিথিতে তেজ কটাল হয়।



খ. মরা কটাল: চন্দ্র ও সূর্য পৃথিবীর সাথে সমকোণে থাকলে চন্দ্রের আকর্ষণে যে জোয়ার হয় সূর্যের আকর্ষণে তা প্রবল রূপ ধারণ করতে পারে না। ফলে একটি হালকা জোয়ার পরিলক্ষিত হয়। একে মরা কটাল বলে। অষ্টমী তিথিতে মরা কটাল হয়।

এক কথায় উত্তর

১. ভূগোল বিষয়ক প্রথম বিশ্বকোষীয় গ্রন্থ "The Geographia" রচনা করেন কে?
উত্তর: স্ট্রাবো।

২. "সূর্য যে সৌরজগতের কেন্দ্র এবং পৃথিবী সূর্যের চারদিকে ঘুরছে"– এটা প্রথম প্রমাণ করেন কে?
উত্তর: কোপার্নিকাস।

৩. Big Bang Theory প্রদান করেন কে?
উত্তর: বেলজিয়ামের জ্যোতির্বিজ্ঞানী জি ল্যামেটার।

৪. 'A Brief History of Time" বিখ্যাত গ্রন্থটি কার লেখা?
উত্তর: স্টিফেন হকিংস।

৫. মহাজাগতিক রশ্মি আবিষ্কারের জন্য কোন বিজ্ঞানী নোবেল পুরস্কার পান?
উত্তর: ভেক্টর হেস।

৬. পৃথিবীর নিকটতম নক্ষত্র কোনটি?
উত্তর: সূর্য।

৭. সূর্য ছাড়া পৃথিবীর নিকটতম নক্ষত্র কোনটি?
উত্তর: প্রক্সিমা সেন্টরাই।

৮. আকাশের উজ্জ্বলতম নক্ষত্র কোনটি?
উত্তর: লুব্ধক।

৯. দূরত্ব পরিমাপের সবচেয়ে বড় একক কোনটি?
উত্তর: আলোক বর্ষ।

১০. কত বছর পর পর হ্যালির ধূমকেতু দেখা যায়?
উত্তর: ৭৬ বছর।

১১. কোন বিক্রিয়ার মাধ্যমে সূর্যে শক্তি উৎপাদিত হয়?
উত্তর: পরমাণুর ফিউশন।

১২. পৃথিবীতে আগত শক্তির কত ভাগ সূর্য থেকে আসে?
উত্তর: ৯৯.৯৭ ভাগ।

১৩. সূর্য হতে পৃথিবীতে আলো আসতে কত সময় লাগে?
উত্তর: ৮.৩২ মিনিট।

১৪. সূর্যের নিকটতম গ্রহ কোনটি?
উত্তর: বুধ।

১৫. সকালের আকাশে শুকতারা এবং সন্ধ্যার আকাশে সন্ধ্যাতারা নামে ডাকা হয় কোন গ্রহকে?
উত্তর: শুক্র গ্রহ।

১৬. চাঁদে কোনো বস্তুর ওজন পৃথিবীতে ঐ বস্তুর ওজনের কত ভাগ?
উত্তর: ৬ ভাগের ১ ভাগ।

১৭. সৌরজগতের গ্রহের স্বীকৃতিদানকারী সংস্থা (IAU) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
উত্তর: প্রাগ, চেকপ্রজাতন্ত্র।

১৮. একটি জোয়ার ও একটি ভাটার মধ্যবর্তী সময়ের ব্যবধান কত?
উত্তর: ৬ ঘণ্টা ১৩ মিনিট।

১৯. কোন সময়ে তেজ কটাল হয়?
উত্তর: পূর্ণিমা ও অমাবস্যা তিথিতে।

২০. পৃথিবীর উপর চন্দ্রের আকর্ষণ সূর্য অপেক্ষা কতগুণ?
উত্তর: দ্বিগুণ।

২১. জিপিএস তথ্য সংগ্রহ করে কোথা থেকে?
উত্তর: ভূ–উপগ্রহ থেকে।

২২. বিশ্বে প্রথম সৌর বছরের পরিকল্পনা করে কারা?
উত্তর: মিশরীয়রা।

২৩. পৃথিবীর কক্ষপথ কেমন?
উত্তর: উপবৃত্তাকার।

২৪. সূর্যের মধ্যে কোন মৌলিক গ্যাস বেশি রয়েছে?
উত্তর: হাইড্রোজেন।

২৫. সৌরজগতের দ্রুততম গ্রহ কোনটি?
উত্তর: বুধ।

২৬. "শান্ত সমুদ্র" কোথায় অবস্থিত?
উত্তর: চাঁদে।

২৭. হ্যালির ধূমকেতু আবার দেখা যাবে কবে?
উত্তর: ২০৬২ সালে।

২৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাকাশ অবলোকন কেন্দ্র কোথায় অবস্থিত?
উত্তর: ভাঙ্গা, ফরিদপুর।

২৯. আহ্নিক গতি কী?
উত্তর: পৃথিবীর নিজ অক্ষের চারিদিকে ঘূর্ণন গতি।

৩০. পৃথিবীর আহ্নিক গতির ফলে কিসের সৃষ্টি হয়?
উত্তর: দিনরাত্রি।

৩১. ছায়াবৃত্ত কী?
উত্তর: ভূ-পৃষ্ঠের সৌরদীপ্ত এবং অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে ছায়াবৃত্ত বলে।

৩২. দিনরাত্রি কোথায় সমান হয়?
উত্তর: নিরক্ষরেখায়।

৩৩. পৃথিবীতে সর্বত্র দিন রাত্রি সমান হয় কবে?
উত্তর: ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর।

৩৪. পৃথিবীর বার্ষিক গতির ফলে কী ঘটে?
উত্তর: ঋতু পরিবর্তন হয়।

৩৫. যখন সূর্য ও চন্দ্রের মাঝে পৃথিবী অবস্থান করে তখন কী হয়?
উত্তর: চন্দ্রগ্রহণ।

৩৬. গ্রিনিচের দ্রাঘিমা কত ডিগ্রি?
উত্তর: ০°।

৩৭. জোয়ার-ভাটার প্রধান কারণ কী?
উত্তর: চন্দ্রের আকর্ষণ।

৩৮. জোয়ার-ভাটা তৈরিতে সূর্যের ক্ষমতা চন্দ্রের ক্ষমতার তুলনায় কতটুকু?
উত্তর: অর্ধেক।

৩৯. জোয়ারের প্রায় কত ঘণ্টার পর ভাটা হয়?
উত্তর: ৬ ঘণ্টা।

৪০. ভরা কটাল কখন হয়?
উত্তর: পূর্ণিমা তিথিতে ও অমাবস্যায়।

৪১. জোয়ার ভাটার মরা কটাল কখন হয়?
উত্তর: অষ্টমীতে।

৪২. জোয়ার ভাটার তেজ কটাল কখন হয়?
উত্তর: অমাবস্যায়।

৪৩. পৃথিবী পৃষ্ঠের কোনো স্থানে দিনে কয়বার জোয়ার হয়?
উত্তর: ২ বার।

৪৪. চাঁদের বিপরীত দিকে যে জোয়ার হয়, তাকে কী বলে?
উত্তর: গৌণ জোয়ার।

৪৫. দুইটি জোয়ারের মধ্যবর্তী সময়ের ব্যবধান কত?
উত্তর: ১২ ঘণ্টা।

৪৬. বারিমণ্ডল ভূপৃষ্টের কত ভাগ এলাকা জুড়ে বিস্তৃত?
উত্তর: ৭১%।

৪৭. জোয়ার কী?
উত্তর: পানির ফুলে ওঠা।

৪৮. ভাটা কী?
উত্তর: পানির নেমে যাওয়া।

৪৯. প্রতিদিন দুইবার জোয়ার ও দুইবার ভাটা হয় কোথায়?
উত্তর: সমুদ্রের একই জায়গায়।

৫০. জোয়ার-ভাটায় কার প্রভাব বেশি?
উত্তর: চন্দ্রের।

৫১. জোয়ারকে কত ভাগে ভাগ করা যায়?
উত্তর: ৪ ভাগে।

৫২. মুখ্য জোয়ারের অপর নাম কী?
উত্তর: প্রত্যক্ষ জোয়ার।

৫৩. গৌণ জোয়ারের অপর নাম কী?
উত্তর: পরোক্ষ জোয়ার।

Teacher's Work

১. সমবৃষ্টিপাত সম্পন্ন স্থানসমূহকে যোগকারী রেখাকে বলা হয়-
ক) আইসোথার্ম খ) আইসোবার গ) আইসোহাইট ঘ) আইসোহেলাইন — গ

২. কোথায় দিন রাত্রি সর্বত্র সমান?
ক) মেরু অঞ্চলে খ) নিরক্ষরেখায় গ) উত্তর গোলার্ধে ঘ) দক্ষিণ গোলার্ধে — খ

৩. সপ্তর্ষিমণ্ডল আকাশে কিসের মত দেখায়?
ক) এস আকৃতির খ) যতি আকৃতির গ) জিজ্ঞাসা চিহ্নের মত ঘ) কোনোটিই নয় — গ

৪. জোয়ার ও ভাটাকে প্রধানত ভাগ করা যায়—
ক) দুই ভাগে খ) তিন ভাগে গ) চার ভাগে ঘ) পাঁচ ভাগে — ক

অক্ষরেখা, দ্রাঘিমারেখা ও গুরুত্বপূর্ণ রেখাসমূহ

■ অক্ষ (Axis)

পৃথিবীর অভ্যন্তরে ভূ-কেন্দ্রকে ছেদ করে সরাসরি উত্তর-দক্ষিণে যে রেখা কল্পনা করা হয় তাকে অক্ষ বা Axis বা মেরুরেখা বলে। অক্ষের উত্তর প্রান্ত বিন্দুকে উত্তর মেরু বা North Pole বা সুমেরু ও দক্ষিণ প্রান্তবিন্দুকে দক্ষিণ মেরু বা South Pole বা কুমেরু বলে। পৃথিবী তার নিজ অক্ষের সাথে ৬৬.৫° কোণে হেলে আছে।

■ নিরক্ষরেখা বা বিষুবরেখা (Equator)

দুই মেরু থেকে সমান দূরত্বে ভূ-গোলকের উপর দিয়ে পূর্ব-পশ্চিমে যে রেখা কল্পনা করা হয় তাকে বিষুবরেখা বলে। অর্থাৎ পৃথিবীর ঠিক মাঝখান দিয়ে যে রেখাটি পূর্ব-পশ্চিমে পুরো পৃথিবীকে বেষ্টন করে আছে তাকে নিরক্ষরেখা/বিষুবরেখা/Equator বলে। একে গুরুবৃত্ত বা মহাবৃত্তও বলে। নিরক্ষরেখা পৃথিবীকে উত্তর ও দক্ষিণে দুইটি সমানভাগে ভাগ করেছে। উত্তর ভাগের নাম উত্তর গোলার্ধ (Northern Hemisphere) এবং দক্ষিণ ভাগের নাম দক্ষিণ গোলার্ধ (Southern Hemisphere), Ecuador দেশটির নামকরণ করা হয়েছে Equator হতে।

■ অক্ষরেখা (Latitude)

নিরক্ষরেখার সমান্তরালে, উত্তরে এবং দক্ষিণে অনেকগুলো রেখা কল্পনা করা হয়েছে, এগুলোকে অক্ষরেখা বা সমাক্ষরেখা বলে। অক্ষরেখাগুলো পূর্ব-পশ্চিমে পৃথিবীকে বেষ্টনকারী একেকটি পূর্ণ বৃত্ত। উত্তর ও দক্ষিণে এদের পরিধি কমতে কমতে মেরুদ্বয়ে বিন্দুতে পরিণত হয়।



■ ও অক্ষাংশ নির্ণয়

নিরক্ষরেখাকে কেন্দ্র করে উত্তরে বা দক্ষিণে কোন স্থানের কৌণিক দূরত্বকে তার অক্ষাংশ বলে। জ্যামিতির কোণের ন্যায় অক্ষাংশ পরিমাপের একককে ডিগ্রী (°) বলে। এর ভগ্নাংশ যথাক্রমে মিনিট (′) ও সেকেন্ড (″) বলে। নিরক্ষরেখার অক্ষাংশ ০°। নিরক্ষরেখার উত্তরে এবং দক্ষিণে এভাবে ৯০° পর্যন্ত অক্ষাংশ বিস্তৃত।

■ দ্রাঘিমারেখা (Longitude)

সমাক্ষরেখা থেকে অবস্থান জানার জন্য পৃথিবীর দুই মেরুকে সংযুক্ত করে উত্তর-দক্ষিণে প্রসারিত অনেকগুলো রেখা কল্পনা করা হয়েছে যেগুলোকে দ্রাঘিমারেখা বা মধ্যরেখা বলে। লন্ডন শহরের নিকটবর্তী গ্রীনিচ মান মন্দিরের উপর দিয়ে যে দ্রাঘিমা রেখা কল্পনা করা হয়েছে তাকে মূল মধ্যরেখা (Meridians of Longitude) ধরা হয়।

- অক্ষাংশ নির্ণয়ক যন্ত্রের নাম সেক্সট্যান্ট।
- ধ্রুবতারার সাহায্যে উত্তর গোলার্ধে অক্ষাংশ নির্ণয় করা যায়।
- ১° অক্ষাংশের পার্থক্য প্রায় ৬৯ মাইল বা ১১১ কিমি.।
- কোন স্থানের জলবায়ু প্রধানত তার অক্ষাংশের উপর নির্ভর করে।

■ দ্রাঘিমা নির্ণয়

মূল মধ্যরেখা থেকে পূর্বে বা পশ্চিমে কোন স্থানের কৌণিক দূরত্বকে ঐ স্থানের দ্রাঘিমা বলে। মূল মধ্যরেখার দ্রাঘিমা ০°। পূর্বে ১৮০° দ্বারা পৃথিবীর পরিধিকে দুটি সমান অংশে ভাগ করা হয়েছে। এর ফলে ১৮০° পূর্ব দ্রাঘিমা ও ১৮০° পশ্চিম দ্রাঘিমা মূলত একই দ্রাঘিমারেখা। দ্রাঘিমারেখাগুলো অর্ধবৃত্ত। গিনি উপসাগরের কোন এক স্থানে নিরক্ষরেখা এবং মূল মধ্যরেখা পরস্পরকে ছেদ করেছে। ঐ স্থানের অক্ষাংশ এবং দ্রাঘিমাংশ উভয়ই ০°।

স্থানীয় সময় ও গ্রিনিচের সময় থেকে কোন স্থানের দ্রাঘিমা নির্ণয় করা যায়। পৃথিবীর ৩৬০° আবর্তন করতে ২৪ ঘণ্টা সময় লাগে। পৃথিবী প্রতি ঘণ্টায় ১৫°, প্রতি ৪ মিনিটে ১° এবং প্রতি ৪ সেকেন্ডে ১′ মিনিট পথ অতিক্রম করে। সূক্ষ্ম সময় পরিমাপক যন্ত্রের নাম ক্রনোমিটার এবং এর সাহায্যে সময়ের ব্যবধান থেকে দ্রাঘিমা নির্ণয় করা যায়।

■ কর্কটক্রান্তি রেখা (Tropic of Cancer)

বিষুবরেখা হতে ২৩.৫° উত্তরে, পূর্ব-পশ্চিমে যে কাল্পনিক রেখা কল্পনা করা হয়েছে তাকে কর্কটক্রান্তি রেখা বলে।

■ মকরক্রান্তি রেখা (Tropic of Capricorn)

বিষুব রেখা হতে ২৩.৫° দক্ষিণে, পূর্ব-পশ্চিমে যে কাল্পনিক রেখা কল্পনা করা হয়েছে তাকে মকরক্রান্তি রেখা বলে।



কর্কটক্রান্তি থেকে মকরক্রান্তি পর্যন্ত এই অঞ্চলকে গ্রীষ্মমণ্ডল বলে। বিষুবরেখার উপর সূর্যরশ্মি সারাবছর লম্বভাবে আপতিত হয় বলে এখানে দিন ও রাত্রির পার্থক্য হয় না। বিষুব রেখার উপর সারা বছর দিন ও রাত্রি সমান এবং তা ১২ ঘন্টা করে।

■ সুমেরুবৃত্ত (Arctic Circle)

৬৬.৫° উত্তর অক্ষরেখাকে সুমেরুবৃত্ত বলে। ৬৬.৫° উত্তর অক্ষাংশ থেকে ৯০° উত্তর অক্ষাংশ পর্যন্ত উত্তর মেরু।

■ কুমেরুবৃত্ত (Antarctic Circle)

৬৬.৫° দক্ষিণ অক্ষরেখাকে কুমেরুবৃত্ত বলে। ৬৬.৫° দক্ষিণ অক্ষাংশ থেকে ৯০° দক্ষিণ অক্ষাংশ পর্যন্ত দক্ষিণ মেরু। এই মেরুতে এন্টার্কটিকা মহাদেশ অবস্থিত। যেখানে পৃথিবীর মোট জমাটবদ্ধ বরফের ৯০ ভাগ বিদ্যমান। এখানকার রেকর্ডকৃত সর্বনিম্ন তাপমাত্রা –৮৯° সেলসিয়াস।

■ **গর্জনশীল চল্লিশা:** দক্ষিণ গোলার্ধে ৪০° থেকে ৪৭° দক্ষিণ অক্ষাংশের মধ্যবর্তী স্থানকে গর্জনশীল চল্লিশা বলে। এ অঞ্চলে সারা বছর প্রচুর বৃষ্টিপাত হয়।

■ প্রতিপাদ স্থান

ভূ-পৃষ্ঠের কোন বিন্দু থেকে পৃথিবীর কোন কল্পিত ব্যাস ভূ-কেন্দ্র ভেদ করে অপর দিকে ভূ-পৃষ্ঠকে যে বিন্দুতে স্পর্শ করে সেই বিন্দুকে প্রথম বিন্দুর প্রতিপাদ স্থান বলে।

১. পৃথিবী গোলাকার, তাই এর প্রত্যেকটি স্থানের প্রতিপাদ স্থান রয়েছে।
২. বাংলাদেশের প্রতিপাদ স্থান চিলির নিকট প্রশান্ত মহাসাগরে অবস্থিত।

■ আন্তর্জাতিক তারিখ রেখা (International Date Line)

প্রশান্ত মহাসাগরের উপর দিয়ে ১৮০° দ্রাঘিমারেখা বরাবর উত্তর দক্ষিণে আকাবাঁকা একটি রেখা কল্পনা করা হয়েছে যাকে আন্তর্জাতিক তারিখ রেখা বলে।

১. দ্রাঘিমারেখার নিয়মানুসারে মূল মধ্যরেখা থেকে পূর্ব ও পশ্চিমে অগ্রসর হলে প্রতি ১° দ্রাঘিমার পার্থক্যের জন্য ৪ মিনিট সময়ের ব্যবধান হয়।
২. ০° দ্রাঘিমার ঠিক উল্টো দিকে ১৮০° পূর্ব ও পশ্চিম দ্রাঘিমারেখা।
৩. যেহেতু প্রতি ১° এর জন্য ৪ মিনিট সেহেতু ১৮০° এর জন্য (১৮০ × ৪) = ৭২০ মিনিট অর্থাৎ ১২ ঘন্টা পার্থক্য হয়।
৪. এভাবে পূর্ব ও পশ্চিম দিকে ১২ ঘন্টা করে ২৪ ঘন্টার ব্যবধান হয়। পূর্ব দিকে গেলে ১২ ঘন্টা বাড়ে আর পশ্চিম দিকে গেলে ১২ ঘন্টা কমে অর্থাৎ একই দ্রাঘিমায় ১৮০°-তে সময়ের ব্যবধান দেখা দেয় ২৪ ঘন্টা।
৫. এর জন্য তারিখ ও বারের যে সমস্যা হয় তার সমাধানকল্পে ১৮৮৪ সালে ওয়াশিংটনে 'দ্রাঘিমা ও ০° সময়' সম্পর্কিত এক আন্তর্জাতিক সম্মেলনে ১৮০° দ্রাঘিমারেখাকে আন্তর্জাতিক তারিখ রেখা হিসেবে স্থির করা হয়। পূর্বদিক থেকে এই তারিখরেখা অতিক্রম করলে একদিন বিয়োগ করতে হয় এবং পশ্চিম দিক থেকে অতিক্রম করলে একদিন যোগ করতে হয়।

■ স্থানীয় সময় (Local Time)

আকাশে মধ্যাহ্ন সূর্যের অবস্থান দেখে যে সময় নির্ণয় করা হয় তাকে স্থানীয় সময় বলে। কোন স্থানে যখন সূর্য ঠিক মাথার উপর আসে, তখন সেখানে বেলা ১২ টা ধরে যে সময় গণনা করা হয় তা ঐ স্থানের স্থানীয় সময়।

■ প্রমাণ সময় (Stardard Time)

একই দ্রাঘিমা রেখায় অবস্থিত সকল স্থানের স্থানীয় সময় এক। কিন্তু একই অক্ষরেখায় অবস্থিত বিভিন্ন স্থানের স্থানীয় সময় ভিন্ন। স্থানীয় সময়ের পার্থক্যের জন্য আন্তর্জাতিক সময়সূচিতে অসামঞ্জস্য দেখা দেয়। ফলে যাতায়াত ও যোগাযোগের ক্ষেত্রে অসুবিধা হয়। কাজেই দেশের সকল স্থানে সময়ের সমতা রক্ষার জন্য দেশের মধ্যবর্তী কোন স্থানের বা কোন প্রসিদ্ধ শহরের স্থানীয় সময়কে সারা দেশের জন্য প্রমাণ সময়রূপে গ্রহণ করা হয়।

১. বাংলাদেশের সময় গ্রিনিচ সময় অপেক্ষা +৬ ঘণ্টা অগ্রবর্তী।
২. পৃথিবী পশ্চিম থেকে পূর্বে আবর্তন করে তাই কোন স্থান থেকে পূর্বে গেলে সময় বাড়ে এবং পশ্চিমে গেলে সময় কমে।
৩. পৃথিবীর সর্বপূর্বের দেশ জাপান তাই জাপানকে সূর্যদয়ের দেশ বলা হয়।
৪. পৃথিবীর সর্ব উত্তরের দেশ নরওয়ে এবং এর সর্ব উত্তরের শহরের নাম হ্যামারফাস্ট। একে নিশীত সূর্যের দেশ/ধীবরের দেশ বলা হয়।

■ Global Positioning System (GPS)

কোন একটি স্থানের গ্লোবাল অবস্থান জানতে চাইলে সবচেয়ে সহজ উপায় হচ্ছে জিপিএস।

জিপিএস-এর সুবিধা

১. ভূগোলবিদদের জন্য জিপিএস একটি অত্যন্ত মূল্যবান যন্ত্র হিসেবে পরিচিতি পেয়েছে।
২. এ যন্ত্রের সাহায্যে কোন একটি স্থানের অক্ষাংশ, দ্রাঘিমাংশ জানতে পারছি।
৩. বিশেষ করে আমাদের দেশে ভূমির জরিপের মধ্যে সবচেয়ে বেশি ঝামেলা হয়। জিপিএস-এর মাধ্যমে ঝামেলা ছাড়াই জমির সীমানা চিহ্নিত করতে পারবে।
৪. যে কোন দুর্যোগকালীন সময়ে জিপিএস-এর মাধ্যমে কোন একটি স্থানের অক্ষাংশ, দ্রাঘিমাংশ জানতে পেরে তার সঠিক অবস্থান জেনে সেখানে সাহায্য পাঠাতে পারব।

■ জিআইএস (Geographical Information System)

১. ভৌগোলিক তথ্য সংরক্ষণ ও বিশ্লেষণ ব্যবস্থাকে সংক্ষেপে জিআইএস বলে।
২. এটি কম্পিউটারের মাধ্যমে তথ্য সংরক্ষণ ও বিশ্লেষণ ব্যবস্থা যার মধ্য দিয়ে ভৌগলিক তথ্যগুলোর সংরক্ষণ, বিশ্লেষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে স্থানিক ও পারিসরিক সমস্যা চিহ্নিত করণ, মানচিত্রায়ণ ও ভবিষৎ পরিকল্পনা তৈরিতে সহায়তা করে থাকে।
৩. ১৯৬৪ সালে কানাডায় সর্বপ্রথম এই কৌশলের ব্যবহার আরম্ভ হয়। ১৯৮০ সালের দিকে এটি ব্যাপকভাবে ব্যবহৃত হতে থাকে।

বাংলাদেশের কিছু গুরুত্বপূর্ণ স্থানের ভৌগোলিক উপনাম

১. নদীমাতৃক দেশ, ভাটির দেশ- বাংলাদেশ।
২. সোনালী আঁশের দেশ, নীরব খনির দেশ- বাংলাদেশ।
৩. বাংলাদেশের প্রবেশদ্বার- চট্টগ্রাম বন্দর।
৪. উত্তরবঙ্গের প্রবেশদ্বার- বগুড়া।
৫. বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী- চট্টগ্রাম।
৬. বার আউলিয়ার দেশ- চট্টগ্রাম।
৭. ৩৬০ আউলিয়ার দেশ- সিলেট।
৮. রিক্সার নগরী, মসজিদের নগরী- ঢাকা।
৯. বাংলার শস্য ভান্ডার, বাংলার ভেনিস- বরিশাল।
১০. পশ্চিমা বাহিনীর নদী- ডাকাতিয়া বিল।
১১. বাংলাদেশের কুয়েত সিটি- খুলনা (চিংড়ি চাষের জন্য)।
১২. প্রাচ্যের ডান্ডি- নারায়ণগঞ্জ।
১৩. বাংলাদেশের পর্যটন রাজধানী- কক্সবাজার।
১৪. সাগর দ্বীপ- ভোলা।
১৫. কুমিল্লার দুঃখ- গোমতী।
১৬. সাগর কন্যা- কুয়াকাটা, পটুয়াখালী।
১৭. হিমালয়ের কন্যা- পঞ্চগড়।



মানচিত্র

পৃথিবীতে মানচিত্র সর্বপ্রথম কখন ব্যবহৃত হয় সে সম্পর্কে সঠিকভাবে জানা না গেলেও ধারণা করা হয় আজ থেকে প্রায় ৩,০০০ বছর পূর্বে মিশরে বিশ্বের প্রথম মানচিত্র তৈরি করা হয়। নীল নদে প্রতি বছর বন্যার ফলে জমির সীমানা ঠিক থাকত না বলে সীমানা নির্ধারণের জন্য প্রথম মানচিত্র অঙ্কন করা প্রয়োজন হয়।

মানচিত্রের স্কেল : মানচিত্রের সাথে স্কেল দেওয়া থাকে বলে যে কোনো দুইটি স্থানের মধ্যবর্তী দূরত্ব সহজে জানা যায়। স্কেল হলো মানচিত্রের দুইটি স্থানের মধ্যবর্তী দূরত্ব এবং ভূ-পৃষ্ঠস্থ দুইটি স্থানের প্রকৃত দূরত্বের অনুপাত। উদাহরণ হিসেবে আমরা বলতে পারি, ভূমিতে দুইটি স্থানের দূরত্ব ১০ কিলোমিটারকে মানচিত্রে ১ ইঞ্চি দূরত্বে দেখানো হলো। তাহলে মানচিত্রের স্কেল হবে ১ ইঞ্চি = ১০ কিলোমিটার। সাধারণত ৩টি পদ্ধতিতে মানচিত্রে স্কেল প্রদর্শন করা হয়। এগুলো হলো-

ক. **বর্ণনার মাধ্যমে:** কোনো মানচিত্রের স্কেলকে যখন বর্ণনার মাধ্যমে প্রকাশ করা হয় তখন তাকে বর্ণনামূলক মানচিত্র বলে। যেমন-১ ইঞ্চি সমান ৫ কিলোমিটার। অর্থাৎ মানচিত্রের ১ ইঞ্চি দূরত্ব প্রকৃত ভূমির ৫ কিলোমিটার দূরত্বের সমান। এটি স্কেল প্রদর্শনের সর্বাপেক্ষা সহজ পদ্ধতি।

খ. রেখাচিত্রের মাধ্যমে : রেখাচিত্রের মাধ্যমেও স্কেল প্রকাশ করা হয়। এক্ষেত্রে একটি সরলরেখা টেনে এ রেখাকে সুবিধামতো কয়েকটি অংশে বিভক্ত করে অঙ্কন করা হয়। যেমন- ১ ইঞ্চি = ৩০ কিলোমিটার। একে স্কেলে দেখানোর জন্য ১ ইঞ্চি একটি লাইন টেনে তাকে ৩ ভাগ করলে প্রতি ভাগ ১০ কিলোমিটার নির্দেশ করবে। একে আরো সূক্ষ্ম মাপে দেখানোর জন্য সর্ব বামের ঘরটিকে আরও ২ ভাগ করলে প্রত্যেক ভাগ ৫ কিলোমিটার নির্দেশ করবে।

গ. প্রতীক ভগ্নাংশ বা প্রতিভূ অনুপাতের মাধ্যমে : প্রতীক ভগ্নাংশের অর্থ হলো দুইটি সংখ্যাসূচক ভগ্নাংশের মাধ্যমে মানচিত্রের স্কেলকে ভগ্নাংশ বা অনুপাতে প্রকাশ করা। প্রত্যেক ভগ্নাংশের প্রথম অংশকে লব এবং দ্বিতীয় অংশকে হর বলে। উভয় সংখ্যার মধ্যে আনুপাতিক চিহ্ন ':' ব্যবহার করা হয়। লব অংশে ১ (একক) ধ্রুব সংখ্যা এবং হর অংশে একটি বৃহৎ সংখ্যা ধরা হয় এবং এটি পরিবর্তনশীল।

■ **মানচিত্রের প্রকারভেদ:** স্কেল অনুসারে মানচিত্র চার প্রকার। যথা-

১. মৌজা মানচিত্র: মৌজা বা Cadastral শব্দটির আভিধানিক অর্থ সম্পত্তি নথিভুক্ত করা। সুতরাং সম্পত্তির মালিকানার হিসাব রাখার জন্য যে মানচিত্র তৈরি করা হয় তাকে মৌজা মানচিত্র বলে। এ ধরনের মানচিত্র সাধারণত গ্রামে ব্যবহৃত হয়। মৌজা মানচিত্র একটি, দুইটি বা তিনটি গ্রাম নিয়ে হতে পারে। আবার একটি গ্রামের অংশবিশেষ নিয়েও হতে পারে। এই মানচিত্রের স্কেল সাধারণত ১৬"=১ মাইল থেকে ৩২"= ১ মাইল পর্যন্ত হয়।

২. ভূ-সংস্থানিক মানচিত্র: ভূ-সংস্থানিক মানচিত্রে ভূমির বন্ধুরতা, বনভূমি, নদ-নদী, শহর, বন্দর, ঘর-বাড়ি, ভূমির ব্যবহার, পরিবহন প্রভৃতি দেখানো হয়। এ ধরনের মানচিত্রে প্রতীক বিন্দু এবং বিভিন্ন রং দিয়ে দেখানো হয়। ভূ-সংস্থানিক মানচিত্রের সুবিধা হলো কোনো এলাকা সম্পর্কে একসঙ্গে সবকিছু জানা যায়। এ ধরনের মানচিত্রের স্কেল ১"=১ মাইল থেকে ১৪"= ১ মাইল পর্যন্ত হতে পারে।

৩. দেওয়াল মানচিত্র: সমগ্র পৃথিবী, মহাদেশ বা দেশের তথ্যাদি বড় কাগজে সহজে উপস্থাপনের জন্য দেওয়াল মানচিত্র ব্যবহার করা হয়। দেওয়াল মানচিত্র বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষ বা অফিসের দেওয়ালে অথবা বাড়ির দেওয়ালে লাগানো হয়। এ ধরনের মানচিত্রে সাধারণত ১"= ৩০০ মাইল পর্যন্ত দেখানো হয়ে থাকে।

৪. ভূ-চিত্রাবলি: ভূ-প্রকৃতি, জলবায়ু, উদ্ভিজ্জ, কৃষিজ, খনিজ, শিল্প, শহর, যোগাযোগ ইত্যাদি বিষয়ে তথ্যাদি বিভিন্ন রং ও চিহ্নের মাধ্যমে প্রকাশ করা হয়। একে মানচিত্রের সংকলন গ্রন্থ বলা হয়ে থাকে। ভূ-চিত্রাবলী সবচেয়ে ছোট স্কেলে অঙ্কন করা হয়। এ মানচিত্রের স্কেল সাধারণত ১: ১,০০,০০০ বা ১: ১০,০০,০০০ হিসেবে দেখানো হয়।

এক কথায় উত্তর

১. অক্ষাংশ নির্ণায়ক যন্ত্রের নাম কী? **উত্তর:** সেক্সট্যান্ট।

২. ১° অক্ষাংশের পার্থক্য কত কি. মি.? **উত্তর:** ১১১ কি. মি.।

৩. বিষুবরেখা হতে ২৩.৫° উত্তরে, পূর্ব– পশ্চিমে যে কাল্পনিক রেখা কল্পনা করা হয়েছে তাকে কী বলে?
উত্তর: কর্কটক্রান্তি রেখা।

৪. সময়ের পার্থক্য হয় কোন রেখার ভিত্তিতে?
উত্তর: দ্রাঘিমারেখা।

৫. দক্ষিণ গোলার্ধে ৪০° থেকে ৪৭° দক্ষিণ অক্ষাংশের মধ্যবর্তী স্থানকে কী বলে?
উত্তর: গর্জনশীল চল্লিশা।

৬. বাংলাদেশের প্রতিপাদ স্থান কোথায় অবস্থিত?
উত্তর: চিলির নিকট প্রশান্ত মহাসাগরে।

৭. প্রতি ১° দ্রাঘিমার পার্থক্যের জন্য কত মিনিটের সময়ের ব্যবধান হয়?
উত্তর: ৪ মিনিট।

৮. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান কোনটি?
উত্তর: ৮৮°০১' থেকে ৯২° ৪১' পূর্ব দ্রাঘিমাংশে।

৯. পৃথিবীর সর্বত্র দিনরাত সমান হয় কবে?
উত্তর: ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর।

১০. পৃথিবী তার নিজ অক্ষের সাথে কত কোণে হেলে আছে?
উত্তর: ৬৬.৫°।

১১. দ্রাঘিমা রেখার অবস্থান হতে কী জানা যায়? **উত্তর:** সময়।

১২. ধ্রুবতারার মাধ্যমে কী নির্ণয় করা যায়? **উত্তর:** অক্ষাংশ।

১৩. গ্রিনিচের সময়ের সাথে বাংলাদেশের সময়ের পার্থক্য কত?
উত্তর: ৬ ঘণ্টা +।

১৪. মূখ্য জোয়ার হওয়ার কত ঘণ্টা পর গৌণ জোয়ার হয়?
উত্তর: ১২ ঘণ্টা।

১৫. কোন তারিখে কর্কট সংক্রান্তি ঘটে?
উত্তর: ২১ জুন।

১৬. তাপমাত্রা অনুসারে সারা বছর কে কয়ভাগে করা হয়?
উত্তর: ৪ ভাগে।

১৭. নিরক্ষরেখার অপর নাম কী? **উত্তর:** বিষুবরেখা বা মহাবৃত্ত।

১৮. মূল মধ্যরেখার অপর নাম কী? **উত্তর:** গ্রিনিচ রেখা।

১৯. পৃথিবীতে সবচেয়ে বেশি টাইম জোন রয়েছে কোন দেশে?
উত্তর: ফ্রান্স (১২টি)।

২০. বাংলাদেশের কোন জেলায় কর্কটক্রান্তি রেখা ও ৯০° দ্রাঘিমারেখা ছেদবিন্দু অবস্থিত?
উত্তর: ফরিদপুর।

২১. কুমেরুবৃত্ত কত ডিগ্রি অক্ষরেখায় অবস্থিত?
উত্তর: ৬৬.৫ দক্ষিণ অক্ষাংশ।

২২. ভারতের আসাম রাজ্য বাংলাদেশের কোন দিকে অবস্থিত?
উত্তর: উত্তর–পূর্ব দিকে।

২৩. ১৮০° দ্রাঘিমারেখা কী বলা হয়?
উত্তর: আন্তর্জাতিক তারিখ রেখা।

Teacher's Work

১. নিম্নের কোনটি বৃহৎ স্কেল মানচিত্র? *[৪০তম বিসিএস]*
ক ১: ১০,০০০ খ ১: ১০০,০০০ গ ১: ১০০০,০০০ ঘ ১: ২৫০০,০০০ — ক

২. হাজার হ্রদের দেশ কোনটি? *[৩১ ও ৩০তম বিসিএস]*
ক নরওয়ে খ ফিনল্যান্ড গ ইন্দোনেশিয়া ঘ জাপান — খ

৩. ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ একটি কাল্পনিক রেখা বাংলাদেশের উপর দিয়ে গিয়েছে সেটি হচ্ছে- *[১২তম ও ১০ম বিসিএস]*
ক মূল মধ্য রেখা খ কর্কট ক্রান্তি রেখা গ মকর ক্রান্তি রেখা ঘ আন্তর্জাতিক তারিখ রেখা — খ

বাংলাদেশের ভৌগোলিক অবস্থান

বাংলাদেশের ভৌগোলিক অবস্থান ২০°৩৪′ থেকে ২৬°৩৮′ উত্তর অক্ষাংশ এবং ৮৮°০১′ থেকে ৯২°৪১′ পূর্ব দ্রাঘিমাংশ। বাংলাদেশের মধ্যভাগ দিয়ে পূর্ব পশ্চিমে কর্কটক্রান্তি রেখা চলে গেছে। এটি বাংলাদেশের রাঙ্গামাটি দিয়ে প্রবেশ করে চুয়াডাঙ্গা দিয়ে বের হয়ে গেছে। তাই বাংলাদেশের জলবায়ু ক্রান্তীয় মৌসুমী জলবায়ুর অন্তর্গত। মোট ১১ টি জেলার উপর দিয়ে এই রেখা অতিক্রম করেছে। বাংলাদেশের মধ্যভাগ দিয়ে ৯০° পূর্ব দ্রাঘিমারেখা চলে গেছে। এটি উত্তরে শেরপুর (ময়মনসিংহ) দিয়ে প্রবেশ করে দক্ষিণে বরগুনা দিয়ে বেরিয়ে গেছে। মোট ১০ টি জেলার উপর দিয়ে অতিক্রম করেছে। বাংলাদেশের পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ, উত্তরে পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয়, পূর্বে ত্রিপুরা, মিজোরাম ও মায়ানমার এবং দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত। বাংলাদেশের দক্ষিণে ভারত মহাসাগরে ভারতের কেন্দ্রশাসিত আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ অবস্থিত যার রাজধানীর নাম পোর্ট ব্লেয়ার।

বাংলাদেশের সীমানা

১. দেশে মোট বিভাগ ৮টি এর মধ্যে সীমান্তবর্তী বিভাগ ৬টি। সীমান্ত সংযোগ নেই ২ টি বিভাগের সাথে- ঢাকা ও বরিশাল।
২. দেশের সমুদ্র উপকূলবর্তী বিভাগ- ৩ টা- খুলনা, বরিশাল ও চট্টগ্রাম।
৩. ২ টি বিভাগের সবগুলো জেলার সাথে ভারতের সীমান্ত সংযোগ আছে। বিভাগ দুটি- ময়মনসিংহ ও সিলেট।
৪. যে ১ টি বিভাগের সাথে ভারত ও মায়ানমারের সীমান্ত সংযোগ রয়েছে- চট্টগ্রাম।
৫. যে বিভাগের সাথে পূর্বে ভারতের সীমান্ত সংযোগ ছিল কিন্তু বর্তমানে নেই- ঢাকা (কারণ ময়মনসিংহ নতুন বিভাগ হয়েছে)।
৬. বাংলাদেশের সাথে ভারত ও মায়ানমারের সীমানা রয়েছে।
৭. বাংলাদেশের সাথে ভারতের ৫টি রাজ্যের সীমানা রয়েছে- আসাম, মিজোরাম, ত্রিপুরা, মেঘালয়, পশ্চিমবঙ্গ।

Technique

✓ বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্যসমূহ মনে রাখার টেকনিক।
অমিত্রি মেঘের পরে।
আ = আসাম
মি = মিজোরাম
ত্রি = ত্রিপুরা
মেঘের = মেঘালয়
পরে = পশ্চিমবঙ্গ

✓ বাংলাদেশের সীমান্ত ঘেঁষা ভারতে মোট রাজ্য পাঁচটি– **আসাম, মেঘালয়, মিজোরাম, ত্রিপুরা, পশ্চিমবঙ্গ।**

৮. বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের পশ্চিমবঙ্গের জেলা ৯টি। যথা- মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর চব্বিশ পরগনা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, কুচবিহার, দার্জিলিং।

বাংলাদেশের চারদিকের সীমা

পশ্চিমে	ভারতের পশ্চিমবঙ্গ প্রদেশ
উত্তর	ভারতের পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয় প্রদেশ
পূর্ব	ভারতের আসাম, ত্রিপুরা ও মিজোরাম প্রদেশ এবং মায়ানমার
দক্ষিণে	বঙ্গোপসাগর, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (ভারত), মায়ানমার

বাংলাদেশের সীমানা	সূত্র	
	বর্ডার গার্ড বাংলাদেশ	মাধ্যমিক ভূগোল
বাংলাদেশের সর্বমোট সীমারেখা	৫,১৩৮ কি. মি.	৪,৭১২ কি. মি.
বাংলাদেশের সর্বমোট স্থলসীমা	৪,৪২৭ কি.মি.	৩,৯৯৫ কি.মি.
বাংলাদেশের উপকূলের দৈর্ঘ্য	৭১১ কি.মি.	৭১৬ কি.মি.
বাংলাদেশ-ভারত সীমারেখার দৈর্ঘ্য	৪,১৫৬ কি.মি.	৩,৭১৫ কি.মি.
বাংলাদেশ-মায়ানমার সীমারেখার দৈর্ঘ্য	২৭১ কি.মি.	২৮০ কি.মি.
বাংলাদেশের মোট সমুদ্রসীমা	১,১৮,৮১৩ বর্গ কি.মি.	
বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা	২০০ নটিক্যাল মাইল বা ৩৭০.৪০ কি.মি.	
বাংলাদেশের রাজনৈতিক সমুদ্রসীমা	১২ নটিক্যাল মাইল	

➢ ১ নটিক্যাল মাইল = ১.১৫ মাইল বা ১.৮৫২ কি.মি.

সমুদ্রবিজয়

মায়ানমারের সাথে	২০১২ সালের ১৪ই মার্চ জার্মানিতে অবস্থিত সমুদ্র আইনবিষয়ক আন্তর্জাতিক ট্রাইব্যুনাল (ITLOS) এ বাংলাদেশ-মিয়ানমার সমুদ্রসীমা বিরোধ নিষ্পত্তি মামলার রায় হয়। এতে বাংলাদেশ ১,১১,৬৩১ বর্গ কি.মি. সমুদ্রসীমা লাভ করে।
ভারতের সাথে	বাংলাদেশ ও ভারতের মধ্যে ২৫,৬০২ বর্গ কি.মি. সমুদ্রসীমা নিয়ে বিরোধ ছিল। নেদারল্যান্ডস-এর হেগে অবস্থিত স্থায়ী সালিশি আদালতে সমুদ্রসীমা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মামলা হয়। ৭ জুলাই, ২০১৪ মামলাটির রায় হয়। এ রায়ে বাংলাদেশ লাভ করে ১৯,৪৬৭ বর্গ কি.মি. সমুদ্রসীমা।



বঙ্গোপসাগরের জলসীমা নির্ধারণ ও সমুদ্র সম্পদের উপর অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৪ই ডিসেম্বর, ২০০৯ সালে মায়ানমারের বিপক্ষে জার্মানির হামবুর্গে অবস্থিত সমুদ্র আইন বিষয়ক ট্রাইব্যুনাল এবং ভারতের বিপক্ষে নেদারল্যান্ডসের হেগে অবস্থিত সালিশি ট্রাইব্যুনালে মামলা দায়ের করে। ঐতিহাসিক রায়ের মাধ্যমে সেন্টমার্টিন দ্বীপকে উপকূলীয় বেজলাইন ধরে ১২ নটিক্যাল মাইল রাষ্ট্রাধীন সমুদ্র এলাকা (Territorial sea area) এবং ২০০ নটিক্যাল মাইল একচ্ছত্র অর্থনৈতিক অঞ্চল বা একান্ত অর্থনৈতিক অঞ্চল (EEZ) পেয়েছে। উপকূল থেকে ৩৫০ নটিক্যাল মাইল পর্যন্ত সাগরের তলদেশে বাংলাদেশের মহীসোপান রয়েছে (১ নটিক্যাল মাইল = ১.৮৫২ কিলোমিটার)। অর্থাৎ বাংলাদেশের উপকূলীয় ভূখণ্ড সমুদ্রে ৩৫৪ নটিক্যাল মাইল পর্যন্ত বিস্তৃত রয়েছে, যার ভৌগোলিক নাম মহীসোপান।

পারিবেশিক, আর্থ-সামাজিক ও ভূ-রাজনৈতিক গুরুত্ব

বাংলাদেশের সীমান্তবর্তী জেলা

বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩২টি। ভারতের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩০টি এবং মায়ানমারের সাথে ৩টি। রাঙামাটি জেলার সীমান্ত ভারত ও মায়ানমার উভয় দেশের সাথেই রয়েছে। ঢাকা ও বরিশাল বিভাগের সাথে ভারতের কোন সীমান্ত সংযোগ নাই।

বাংলাদেশের উপকূলীয় জেলা মোট ১৯টি।

যথা:

(ক) **পূর্ব-উপকূলীয় জেলাসমূহ-** কক্সবাজার, চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর।

(খ) **মধ্য-উপকূলীয় জেলাসমূহ-** ভোলা, বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, ঝালকাঠি, শরীয়তপুর, বরগুনা।

(গ) **পশ্চিম উপকূলীয় জেলাসমূহ-** খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা।

■ সীমান্তবর্তী জেলাসমূহের তালিকা:

সীমান্তবর্তী জেলা	
চট্টগ্রাম	চট্টগ্রাম, রাঙামাটি, খাগড়াছড়ি, ফেনী, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, কক্সবাজার, বান্দরবান।
রাজশাহী	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নওগাঁ।
রংপুর	কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, নীলফামারী, ঠাকুরগাঁও, দিনাজপুর
খুলনা	সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা।
সিলেট	সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার।
ময়মনসিংহ	ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর।

ভারতের বিভিন্ন রাজ্যের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা	
পশ্চিমবঙ্গের সাথে (১৬)	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, জয়পুরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, সাতক্ষীরা, যশোর।
আসামের সাথে (৪)	কুড়িগ্রাম, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার।
ত্রিপুরার সাথে (৭)	হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙামাটি।
মেঘালয়ের সাথে (৫)	জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, কুড়িগ্রাম।
মিজোরামের সাথে (১)	রাঙামাটি

উপকূলীয় জেলা	কক্সবাজার, খুলনা, ঝালকাঠি, ফেনী, চট্টগ্রাম, চাঁদপুর, ভোলা, বরিশাল, বরগুনা, বাগেরহাট, সাতক্ষীরা, পিরোজপুর, নোয়াখালী, নড়াইল, লক্ষ্মীপুর, শরিয়তপুর, পটুয়াখালী, ফেনী এবং বরিশাল।

বিভিন্ন কোণের বাংলাদেশের থানা

দিক	থানার নাম	দিক	থানার নাম
উত্তর-পশ্চিম কোণ	তেতুলিয়া, পঞ্চগড়	**দক্ষিণ-পশ্চিম কোণ**	শ্যামনগর, সাতক্ষীরা
উত্তর-পূর্ব কোণ	জকিগঞ্জ, সিলেট	**দক্ষিণ-পূর্ব কোণ**	টেকনাফ, কক্সবাজার

বাংলাদেশের সর্বোচ্চ-সর্বনিম্ন, উত্তর-দক্ষিণ, পূর্ব-পশ্চিম

বাংলাদেশের	জেলা	উপজেলা	স্থান
সর্ব উত্তরের	পঞ্চগড়	তেঁতুলিয়া	বাংলাবান্ধা (জায়গীরজোত)
সর্ব দক্ষিণের	কক্সবাজার	টেকনাফ	সেন্টমার্টিন (ছেড়াদ্বীপ)
সর্ব পূর্বের	বান্দরবান	থানচি	আখানইঠং
সর্ব পশ্চিমের	চাঁপাইনবাবগঞ্জ	শিবগঞ্জ	মনাকশা

১. বাংলাদেশের সবচেয়ে উঁচু পাহাড়→ গারো পাহাড়
২. বাংলাদেশের সর্বোচ্চ পর্বত শৃঙ্গ→ তাজিংডং (১২৩১মিটার);
৩. দ্বিতীয় সর্বোচ্চ→ কেওক্রাডং
৪. সর্বনিম্ন বৃষ্টিপাতের স্থান→ লালপুর (নাটোর)
৫. সর্বোচ্চ বৃষ্টিপাতের স্থান→ লালখান (সিলেট)
৬. বাংলাদেশের শীতলতম স্থান→ শ্রীমঙ্গল (মৌলভীবাজার)
৭. বাংলাদেশের উষ্ণতম স্থান→ লালপুর (নাটোর)
৮. বাংলাদেশের কোন জেলা সমুদ্র সমতল থেকে সবচেয়ে উঁচুতে অবস্থিত→ দিনাজপুর (৩৭.৫০ মিটার উঁচুতে অবস্থিত)
৯. বাংলাদেশের সর্ববৃহৎ স্থলবন্দর → বেনাপোল (যশোর)

স্থল বন্দর ও সংযুক্ত স্থান/জেলা

[তথ্যঃ বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ ওয়েবসাইট]

*** মিয়ানমারের সাথে সংযুক্ত স্থান/জেলা- ১টি

ক্রমিক নং	স্থল বন্দরের নাম	বাংলাদেশের সংযুক্ত স্থান/জেলা	ভারতের সংযুক্ত স্থান/জেলা
১.	বাংলাবান্দা	তেঁতুলিয়া, পঞ্চগড়	ফুলবাড়ী,
২.	বেনাপোল	বেনাপোল, যশোর	পেট্রাপোল, ২৪-পরগনা
৩.	সোনা মসজিদ	শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ	মাহাদিপুর, পশ্চিমবঙ্গ
৪.	হিলি	হাকিমপুর, দিনাজপুর	দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গ
৫.	বিরল	বিরল, দিনাজপুর	রাধিকাপুর, পশ্চিমবঙ্গ
৬.	বুড়িমারি	পাটগ্রাম, লালমনিরহাট	চেংরাবান্ধা, পশ্চিমবঙ্গ
৭.	আখাউড়া	ব্রাহ্মণবাড়িয়া	আগরতলা, ত্রিপুরা
৮.	ভোমরা	সাতক্ষীরা সদর	গোজাডাঙ্গা, ২৪-পরগনা
৯.	দর্শনা	দামুড়হুদা, চুয়াডাঙ্গা	গেদে, পশ্চিমবঙ্গ
১০.	তামাবিল	গোয়াইনঘাট, সিলেট	ডাউকি, মেঘালয়
১১.	বিবিরবাজার	কুমিল্লা সদর	শ্রীমন্তপুর, সোনামুড়া, ত্রিপুরা
১২.	বিলোনিয়া	বিলোনিয়া, ফেনী	বিলোনিয়া, ত্রিপুরা
১৩.	গোবরাকুড়া -কড়ইতলী	হালুয়াঘাট, ময়মনসিংহ	গাছোয়াপাড়া, মেঘালয়
১৪.	নাকুগাঁও	নালিতাবাড়ী, শেরপুর	ডলু, মেঘালয়
১৫.	রামগড়	রামগড়, খাগড়াছড়ি	সাবরুম, ত্রিপুরা
১৬.	সোনাহাট	ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম	সোনাহাট, আসাম
১৭.	তেগামুখ	তেগামুখ, বরকল, রাঙামাটি	দিমাগ্রি, মিজোরাম
১৮.	চিলাহাটি	ডোমার, নীলফামারী	হলদিবাড়ী, কুচবিহার, পশ্চিমবঙ্গ

ক্রমিক নং	স্থল বন্দরের নাম	বাংলাদেশের সংযুক্ত স্থান/জেলা	ভারতের সংযুক্ত স্থান/জেলা
১৯.	দৌলতগঞ্জ	জীবননগর, চুয়াডাঙ্গা	মাজদিয়া, নদীয়া, পশ্চিমবঙ্গ
২০.	ধানুয়া কামালপুর	বকশী বাজার, জামালপুর	মহেন্দ্রগঞ্জ, মেঘালয়
২১.	শেওলা	বিয়ানীবাজার, সিলেট	সুতারকান্দি, আসাম
২২.	বাল্লা	চুনারুঘাট, হবিগঞ্জ	খোয়াই, ত্রিপুরা
২৩.	টেকনাফ	টেকনাফ, কক্সবাজার	মংডু, মিয়ানমার
২৪.	মুজিবনগর	মুজিবনগর, মেহেরপুর	চাপড়া, নদীয়া, পশ্চিমবঙ্গ
২৫.	প্রাগপুর	দৌলতপুর, কুষ্টিয়া	শিকারপুর, নদীয়া, পশ্চিমবঙ্গ

নতুন ও পুরাতন নাম

নতুন	পুরাতন নাম	নতুন	পুরাতন নাম
চট্টগ্রাম	ইসলামাবাদ	ময়মনসিংহ	নাসিরাবাদ
যশোর	খলিফাতাবাদ	খুলনা	জাহানাবাদ
ফরিদপুর	ফতেহাবাদ	সিলেট	শ্রীহট্ট/ জালালাবাদ
নোয়াখালী	সুধারাম/ভুলুয়া	ফেনী	শমশেরনগর
মহাস্থানগড়	পুন্ড্রনগর	কক্সবাজার	পালকিং
বরিশাল	চন্দ্রদ্বীপ	দিনাজপুর	গন্ডোয়ানাল্যান্ড
সোনারগাঁ	সুবর্ণগ্রাম	ভোলা	শাহবাজপুর
ময়নামতি	রোহিতগিরি	মুন্সিগঞ্জ	বিক্রমপুর
মুজিবনগর	বৈদ্যনাথতলা	ঢাকা	জাহাঙ্গীরনগর
কুষ্টিয়া	নদীয়া	জামালপুর	সিংহজানি
নিঝুম দ্বীপ	বাউলার চর	সেন্টমার্টিন দ্বীপ	নারিকেল জিঞ্জিরা

এক নজরে বৃহত্তম-ক্ষুদ্রতম

নাম	আয়তনে		জনসংখ্যায়	
	বৃহত্তম	ক্ষুদ্রতম	বৃহত্তম	ক্ষুদ্রতম
বিভাগ	চট্টগ্রাম	ময়মনসিংহ	ঢাকা	বরিশাল
জেলা	রাঙ্গামাটি	নারায়ণগঞ্জ	ঢাকা	বান্দরবান
উপজেলা	শ্যামনগর (সাতক্ষীরা)	বন্দর (নারায়ণগঞ্জ)	সাভার	থানচি (বান্দরবান)
থানা	শ্যামনগর (সাতক্ষীরা)	ওয়ারী (ঢাকা)	সাভার	বিমানবন্দর (ঢাকা)
সিটি কর্পোরেশন	গাজীপুর	সিলেট	চট্টগ্রাম	কুমিল্লা
পৌরসভা	বগুড়া	ভেদরগঞ্জ (শরীয়তপুর)	বগুড়া সদর	ভেদরগঞ্জ
ইউনিয়ন	সাজেক (বাঘাইছড়ি, রাঙ্গামাটি)	হাজীপুর (দৌলতখান, ভোলা)	ধামসোনা (সাভার, ঢাকা)	হাজীপুর (দৌলত-খান, ভোলা)

বিভিন্ন শহরের ব্যান্ডিং নাম

সিলেট	সাইবার সিটি	রাজশাহী	সিল্ক সিটি বা গ্রিন সিটি
ঢাকা	ক্লিন সিটি	বরিশাল	সৃজনশীল আদর্শ শহর
চট্টগ্রাম	হেলদি সিটি		
যশোর	ডিজিটাল জেলা	ব্রাহ্মণবাড়িয়া	সাংস্কৃতিক রাজধানী
বগুড়া	সার্কের সাংস্কৃতিক রাজধানী	পঞ্চগ্রাম	স্মার্ট জেলা

বাংলাদেশের সীমান্তবর্তী স্থান

জেলা	সীমান্তবর্তী গুরুত্বপূর্ণ স্থান
কুড়িগ্রাম	রৌমারি, বড়াইবাড়ি, কলাবাড়ী, ইজলামারী, ভূরুঙ্গামারী, ভন্দরচর, দাঁতভাঙ্গা।
লালমনিরহাট	পাটগ্রাম, হাতিবান্ধা, বুড়িমারী
নীলফামারী	চিলাহাটি
দিনাজপুর	হিলি, বিরল, বিরামপুর, ফুলবাড়ী
রাজশাহী	পবা, গোদাগাড়ী, চারগ্রাম
চাঁপাইনবাবগঞ্জ	সোনা মসজিদ, শিবগঞ্জ, গোমস্তাপুর, ভোলাহাট
কুষ্টিয়া	ভেড়ামারা
মেহেরপুর	মুজিবনগর, গাংনী
যশোর	বেনাপোল, শার্শা, ঝিকরগাছা
ময়মনসিংহ	হালুয়াঘাট, কড়ইতলী
শেরপুর	নালিতাবাড়ী
সিলেট	পাদুয়া, জকিগঞ্জ, তামাবিল, বিয়ানীবাজার, জৈন্তাপুর
মৌলভীবাজার	ডোমাবাড়ি, বড়লেখা
কুমিল্লা	চৌদ্দগ্রাম, বিবির বাজার, বুড়িচং
ফেনী	বিলোনিয়া, মহুরীগঞ্জ, ফুলগাজী

